

ডিসেম্বর ২৬, ২০০৬

প্রতি

সকল তালিকাভুক্ত বানিজ্যিক ব্যাংক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যতিরেকে)

মাননীয় মহাশয়,

চেক ড্রপ বন্ধের ব্যবস্থা এবং চেক প্রাপ্তিস্বীকারের ব্যবস্থাজনিত সুবিধা

অনুগ্রহপূর্বক আমাদের বিজ্ঞপ্তি DBOD.No.Leg.BC.74/09.07.005/2003-04 তারিখ এপ্রিল ১০, ২০০৪-র উল্লেখ করুন যেখানে ব্যাংকগুলিকে উপদেশ দেওয়া হচ্ছে যে প্রতিদিনকার সংগ্রহের টেবিলে চেক ফেলার বাস্ত্বজনিত সুবিধা ও চেকের প্রাপ্তিস্বীকারজনিত সুবিধা উপভোক্তাদের জন্য লভ্য করতে এবং কোন উপভোক্তা কোন টেবিলে চেক জমা দিলে তার প্রাপ্তিস্বীকার কোন শাখা প্রত্যাখ্যান করতে পারবে না।

২। ভারতীয় রিজার্ভ ব্যাংক / ব্যাংক ন্যায়পালের কাছে অভিযোগ আসছে যে অনেক ব্যাংকের শাখা নির্দিষ্ট টেবিলে চেক জমা নিচ্ছে না এবং উপভোক্তাদের বাধ্য করছে চেকগুলি চেক ফেলার বাস্ত্ব ফেলে দিতে। সেইজন্য, ব্যাংকগুলিকে উপদেশ দেওয়া হচ্ছে যে উপরিলিখিত বিজ্ঞপ্তির অন্তর্গত নির্দেশাবলির প্রতি কঠোর থাকতে এবং নিশ্চিত করতে যে উপভোক্তাগণ যেন বাধ্য না হন চেক ফেলার বাস্ত্ব চেক ফেলতে।

৩। এই প্রসঙ্গে, এটা প্রয়োজনীয় যে উপভোক্তাকে উভয় লভ্য মনোনয়ন সম্বন্ধে ওয়াকিবহাল করা যেমন চেক ফেলার বাস্ত্ব চেক ফেলা অথবা কোন টেবিলে তা জমা দেওয়া যাতে এই বিষয়ে সে একটা জ্ঞাত সিদ্ধান্ত নিতে পারে। ব্যাংকগুলিকে সেইকারনে উপদেশ দেওয়া হচ্ছে যে চেক ফেলার বাস্ত্বগুলিতে খুব স্পষ্ট করে এটা প্রদর্শন করতে যে

... ২/-

“ উপভোক্তাগণ টেবিলেও চেক জমা দিতে পারেন এবং তার প্রাপ্তিস্বীকারপত্র সংগ্রহ করতে পারেন।” এই বার্তা ইংরাজি, হিন্দি এবং সংশ্লিষ্ট রাজ্যের ভাষায় প্রদর্শিত হতে হবে।

৪। অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার জানাইবেন।

ইতি ভবদীয়

(প্রশান্ত সারান)

চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ